# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১৯৬৮

পর্ব-৭: সওম (রোযা) (كتاب الصوم)

পরিচ্ছেদঃ তৃতীয় অনুচ্ছেদ

اَلْفَصْلُ الثَّالِثُ

আরবী

وَعَنْ أَبِي هُرَيْرَةَ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ: عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَنَّهُ قَالَ: «يُغْفَرُ لِأُمَّتِهِ فِي آخِرِ لَيْلَةٍ فِي رَمَضَانَ» . قِيلَ: يَا رَسُولَ اللَّهِ أَهِيَ لَيْلَةُ الْقَدْرِ؟ قَالَ: «لَا وَلَكِنَّ الْعَامِلَ إِنَّمَا يُوَفَّى أجره إِذا قضى عمله» . رَوَاهُ أَحْمد

বাংলা

১৯৬৮-[১৩] আবূ হুরায়রাহ্ (রাঃ) সূত্রে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হতে বর্ণিত। তিনি বলেছেনঃ তাঁর উম্মাতকে রমাযান (রমজান) মাসের শেষ রাতে মাফ করে দেয়া হয়। নিবেদন করা হলো, হে আল্লাহর রসূল! সেটা কি লায়লাতুল কদরের রাত? তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বললেন, না। বরং ’আমলকারী যখন নিজের ’আমল শেষ করে তখনই তার বিনিময় তাকে মিটিয়ে দেয়া হয়। (আহমদ)[1]

ফুটনোট

[1] খুবই দুর্বল : আহমাদ ৭৯১৭, মুসনাদ আল বায্যার ৮৫৭১, শু‘আবূল ঈমান ৩৩৩০, য‘ঈফ আত্ তারগীব ৫৮। কারণ এর সানাদে হিশাম ইবনু আবী হিশাম সর্বসম্মতিক্রমে একজন দুর্বল রাবী এবং মুহাম্মাদ ইবনু মুহাম্মাদ ইবনু আল আস্ওয়াদ একজন মাজহূল হাল যার থেকে কেবলমাত্র হিশাম এবং ‘আবদুল্লাহ ইবনু ‘আওন হাদীস বর্ণনা করেছেন।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (يُغْفَرُ لِأُمَّتِه) তাঁর উম্মাতদেরকে ক্ষমা করা হয়। অর্থাৎ- নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর উম্মাতদের মধ্যে থেকে সমস্ত সিয়াম পালনকারীকে রমাযানের শেষ রাতে ক্ষমা করা হয়। এ ক্ষমা থেকে পূর্ণাঙ্গ ক্ষমা উদ্দেশ্য।

(قَالَ: لَا) তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বললেনঃ না। অর্থাৎ- এ ক্ষমা লায়লাতুল কদরের কারণে নয়। বরং এর কারণ এই যে, তা রমাযানের শেষ রাত। আর ‘আমলকারীকে ‘আমল সম্পাদন করার পরেই তার প্রাপ্য দেয়া হয়। ফলে সিয়াম সম্পাদনকারীকে তার কাজ শেষে তার প্রাপ্য পুরস্কার ক্ষমা প্রদান করা হয়।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=56528

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন